

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-২

নং- স্বঃমঃ(বহি-২)/জি. পররাষ্ট্র-২/২০০৭/১৪৩৭,

তারিখঃ ২০ আগস্ট ২০০৭।

পরিপত্র

বিষয়ঃ লিবিয়ার ব্যবসায়ী, বিনিয়োগকারী, জনশক্তি আমদানীকারক ও শিক্ষার্থীদের জন্য ভিসা সহজীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশের সার্বিক ব্যবসা-বাণিজ্যের প্রসার, বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট এবং বিদেশে ব্যাপক জনশক্তি রপ্তানীর বিষয়টি গুরুত্বসহ বিবেচনা করে লিবিয়ার ব্যবসায়ী, বিনিয়োগকারী, জনশক্তি আমদানীকারক এবং শিক্ষার্থীদের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- ক) লিবিয়ায় বিনিয়োগকারী, ব্যবসায়ী, জনশক্তি আমদানীকারক ও শিক্ষার্থীদের ভিসানীতি ২০০৬ এর আলোকে বাংলাদূত ত্রিপলী ভিসা প্রদান করবে;
- খ) জনশক্তি আমদানীকারকদের বাংলাদেশে আগমানে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের লেবার উইং এর অনাপত্তি গ্রহণ করতে হবে;
- গ) উল্লিখিত শ্রেণীতে আগতদের ভিসার মেয়াদ ৯০ (নব্বই) দিন বা তার অধিক হলে ঢাকা বিমান বন্দরে ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিকট রেজিস্ট্রেশন করতে হবে;
- ঘ) উল্লিখিত শ্রেণীতে ভিসা প্রার্থীদের বিষয়ে কোন সন্দেহের উদ্বেক হলে কেবল তাদের ভিসা প্রদানের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে; এবং
- ঙ) 'ক' তে উল্লিখিত শ্রেণী ব্যতীত অন্যান্য শ্রেণীতে ভিসা প্রদানের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(শাহানা সারমিন)
সিনিয়র সহকারী
সচিব